

## তাড়াশ উপজেলা ইনোভেশন কমিটির এপ্রিল/২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : এস.এম. ফেরদৌস ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
তাড়াশ, সিরাজগঞ্জ  
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ  
তারিখ : ২৬/০৪/২০১৮ খ্রিঃ  
সময় : বিকাল ০৪.০০ ঘটিকা

উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” ও “খ” তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে সভায় উপস্থিত উপজেলা ইনোভেশন টিমের সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা ইনোভেশন টিমের পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠান্তে কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পর্যালোচনা পূর্বক কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। আলোচ্য বিষয়ঃ সিসি ক্যামেরার মাধ্যমে নাগরিক সেবা নিশ্চিতকরণঃ

ভূমি অফিসে আগত সেবাপ্রার্থীদের কাংখিত সেবা নিশ্চিত কল্পে উপজেলা ভূমি অফিস সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। সেবাপ্রার্থীরা এখন সন্তুষ্টির সাথে সেবা পেতে পারেন। ওয়াইফাই এর সাহায্যে ইন্টারনেট কানেকশন করে সিসি ক্যামেরার মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক আগত সেবাপ্রার্থীদের চলাফেরা লক্ষ্য করে প্রত্যাশিত কাজ বা সেবা প্রদান নিশ্চিত করা হয়।

অফিস চলাকালীন সময়ঃ

সিসি ক্যামেরা >>>> মনিটরে পর্যবেক্ষণ >>>> সংশ্লিষ্ট অফিস সহকারীকে ইন্টারকমে নির্দেশনা প্রদান >>>>  
কাংখিত সেবা প্রাপ্তি >>>> সন্তুষ্টি

বাহিরে থাকাকালীন সময়ঃ

সিসি ক্যামেরা >>>> মোবাইলে পর্যবেক্ষণ (ইন্টারনেট সংযুক্ত) >>>> মোবাইলে সংশ্লিষ্ট অফিস সহকারীকে নির্দেশনা প্রদান >>>> কাংখিত সেবা প্রাপ্তি >>>> সন্তুষ্টি

সেবা সহজীকরণঃ

- ✓ সেবা গ্রহণে এখানে সেখানে ঘুরাঘুরি কমে আসবে। সেবা প্রাপ্তি আরও সহজতর হবে।
- ✓ নির্ধারিত সময়ের মধ্যে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া সম্ভব।
- ✓ দালাল বা প্রতারকমুক্ত ভূমি সেবা নিশ্চিত হবে।
- ✓ নিজের কাজ নিজে করি, দালাল বা প্রতারকদের কাছ থেকে দূরে থাকি” এ শ্লোগানে আগত সেবাপ্রার্থীদের উদ্বুদ্ধ করা যাবে।
- ✓ সময়, ব্যয়, আসা-যাওয়া (টিসিভি) কমে আসবে। সঠিক কাজটি সঠিক সময়ে হয়ে যাবে।

বিবিধ আলোচনা:

| ক্রঃ<br>নং | আলোচ্য বিষয়   | সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী<br>কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|------------|--|---|---------------------------------------|
| ১।         | সেবা নিতে আসা জনগণের সাথে ভাল আচরণ নিশ্চিত করা   | উপজেলার সকল দপ্তরে সেবা নিতে আসা জনগণের সাথে ভাল আচরণ ও সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলার সকল<br>অফিসারবৃন্দ            |
| ২।         | সেবা নিতে আসা জনগণকে দালালের খপ্পর থেকে রক্ষা করা  | উপজেলা পর্যায়ে (বিশেষ করে ভূমি অফিস ও পল্লী বিদ্যুৎ অফিস) অফিসসমূহে সেবা নিতে আসা জনগণকে দালালের খপ্পর থেকে রক্ষার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলার সকল<br>অফিসারবৃন্দ            |
| ৩।         | তথ্য বাতায়নের নতুন ফরম্যাট অনুযায়ী সকল দপ্তরের তথ্য অনুযায়ী সকল দপ্তরের তথ্য আপলোড করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় | তথ্য বাতায়নের নতুন ফরম্যাট অনুযায়ী সকল দপ্তরের তথ্য অনুযায়ী সকল দপ্তরের তথ্য আপলোড করতে হবে।   | উপজেলার সকল<br>অফিসারবৃন্দ            |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল কাজের সাফল্য ও শুভেচ্ছা জানিয়ে এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(এস.এম. ফেরদৌস ইসলাম)

সভাপতি

উপজেলা ইনোভেশন টিম

ও

উপজেলা নির্বাহী অফিসার

তাড়াশ, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

তাড়াশ, সিরাজগঞ্জ

tarash.sirajganj.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৮৮৮৯.০০০.১০.০০১.১৮- ৩৬৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ  
০৬ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ

২। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), সিরাজগঞ্জ

৩। উপজেলা ..... অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ

  
সভাপতি

উপজেলা ইনোভেশন টিম

ও

উপজেলা নির্বাহী অফিসার

তাড়াশ, সিরাজগঞ্জ